রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ আশ্বিন, ১৪৩১/ ০৩ অক্টোবর, ২০২৪

এস.আর.ও. নম্বর ৩৩২-আইন/২০২৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিদ্যমান দুর্নীতি দমন কমিশনকে কার্যকর, স্বাধীন ও নিরপেক্ষ প্রতিষ্ঠান হিসাবে গড়িয়া তুলিতে প্রয়োজনীয় সংস্কার প্রস্তাবনার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে "দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশন" নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) **দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশন**

| | | |
|---|---|---|
| ১. | ড. ইফতেখারুজ্জামান, নির্বাহী পরিচালক, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ | - কমিশন প্রধান |
| ২. | জনাব মাসুদ আহমেদ, সাবেক কম্পট্রোলার ও অডিটর জেনারেল, বাংলাদেশ | - সদস্য |
| ৩. | অধ্যাপক মোবাশ্বের মোনেম, লোকপ্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য |
| ৪. | অধ্যাপক মোস্তাক খান, সোয়াস, ইউনিভার্সিটি অব লন্ডন | - সদস্য |
| ৫. | জনাব মাহদীন চৌধুরী, বার-এট-ল | - সদস্য |
| ৬. | ড. মাহবুবুর রহমান, অধ্যাপক, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য |
| ৭. | জনাব ফারজানা শারমিন, এ্যাডভোকেট, সুপ্রীমকোর্ট অব বাংলাদেশ | - সদস্য |
| ৮. | শিক্ষার্থী প্রতিনিধি | - সদস্য |


মূল্য : টাকা ৪.০০

(খ) কমিশন ৩ অক্টোবর ২০২৪ তারিখ হইতে কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;

(গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;

(ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;

(ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;

(চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে;

(ছ) মন্ত্রিপরিষদ বিভাগ এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd